Prepp
Your Personal Exams Guide



1. দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায়ের 'চা-কর দর্পণ' নাটকটি প্রকাশিত হয়
   (A) ১৯০৭ খ্রিস্টাব্দে
   (B) ১৮৭৫ খ্রিস্টাব্দে
   (C) ১৯০৯ খ্রিস্টাব্দে
   (D) ১৯১০ খ্রিস্টাব্দে

2. আর্নেস্ট হেমিংওয়ের নোবেল পুরস্কার প্রাপ্তির সাল —
   (A) ১৯৫৪
   (B) ১৯৫২
   (C) ১৯৫০
   (D) ১৯৬৪

3. মধ্যভারতীয় আর্যভাষার শেষ স্তরের নাম হল
   (A) অবহট্‌ঠ
   (B) ছান্দস
   (C) অপভ্রংশ
   (D) প্রাকৃত

4. 'ফুলের ফসল' কাব্যগ্রন্থের রচয়িতার নাম —
   (A) যতীন্দ্রনাথ সেনগুপ্ত
   (B) মোহিতলাল মজুমদার
   (C) সত্যেন্দ্রনাথ দত্ত
   (D) বুদ্ধদেব বসু

5. 'গুরু' নাট্যাংশে অচলায়তনের আচার্যের নাম —
   (A) অদীনপুণ্য
   (B) সুতসোম
   (C) মহাপঞ্চক
   (D) দাদাঠাকুর

6. বর্ণনামূলক ভাষাবিজ্ঞান আলোচনা করে
   (A) ভাষার অতীত নিয়ে।
   (B) সমকালীন ভাষার গঠনরীতি নিয়ে।
   (C) বিভিন্ন ভাষার সাদৃশ্য নিয়ে।
   (D) ভাষার ভবিষ্যৎ নিয়ে।

7. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা 'উর্মিমুখর' যে ধরনের রচনা —
   (A) কাব্য
   (B) গল্প
   (C) ভ্রমণকাহিনি
   (D) দিনলিপি

8. 'কল্লোল' পত্রিকার প্রথম সংখ্যায় প্রকাশিত 'কল্লোল' নামক কবিতাটির লেখক —
   (A) প্রেমেন্দ্র মিত্র
   (B) গোকুলচন্দ্র নাগ
   (C) দীনেশরঞ্জন দাস
   (D) বুদ্ধদেব বসু

9. 'অলৌকিক' রচনা অনুসারে 'সাকা' হলে বাড়িতে যা হয় —
   (A) অরন্ধন
   (B) রন্ধন
   (C) উৎসব
   (D) বিবাদ

10. উপেন্দ্রনাথ দাসের লেখা 'সুরেন্দ্র বিনোদিনী' নাটকটি প্রকাশিত হয়
   (A) ১৮৭৫ খ্রিস্টাব্দে
   (B) ১৮৭৬ খ্রিস্টাব্দে
   (C) ১৮৭৭ খ্রিস্টাব্দে
   (D) ১৮৭৮ খ্রিস্টাব্দে

Prepp
Your Personal Exams Guide



11. বসন্তসেনা এবং চারুদত্ত শূদ্রকের যে নাটকের চরিত্র, তার নাম
(A) মালতীমাধব
(B) মৃচ্ছকটিক
(C) মুদ্রারাক্ষস
(D) মালবিকাগ্নিমিত্র

12. 'ছাতির বদলে হাতি' রচনায় যে বন্দরের উল্লেখ আছে, তার নাম
(A) গোপালগঞ্জ বন্দর
(B) তাম্রলিপ্ত বন্দর
(C) হালুয়াঘাট বন্দর
(D) হলদিঘাট বন্দর

13. 'পৃথিবীতে কত দ্বন্দ্ব, কত সর্বনাশ
নূতন _______ কত গড়ে ইতিহাস' শূন্যস্থানে বসবে —
(A) নূতন
(B) সহস্র
(C) প্রাচীন
(D) বিপুল

14. 'পড়শী যদি আমায় ছুঁত' — পড়শী ছুলে যা হবে —
(A) যম-যাতনা দূর হবে
(B) সুবুদ্ধির বিকাশ হবে
(C) ভালোবাসার বিকাশ হত
(D) মন-প্রাণ জুড়িয়ে যেত

15. 'নানা রঙের দিন' নাটকের অভিনেতা রজনীকান্তর বয়স হল
(A) ৪৬
(B) ৬৪
(C) ৬৬
(D) ৬৮

16. 'তাবিজ' শব্দটি যে ভাষা থেকে বাংলায় এসেছে, সেটি হল
(A) আরবি
(B) ফারসি
(C) পোর্তুগিজ
(D) ওলন্দাজ

17. মূর্খ > মুখ্খু — এটি যে সমীভবনের উদাহরণ, সেটি হল
(A) প্রগত
(B) পরাগত
(C) বিষমী
(D) অন্যোন্য

18. 'নদীর বিদ্রোহ' গল্পে যে ট্রেন নদের চাঁদকে পিষে দিয়ে চলে গিয়েছিল, সেটি হল
(A) ৫ নং ডাউন প্যাসেঞ্জার ট্রেন
(B) ৪ নং আপ প্যাসেঞ্জার ট্রেন
(C) লালগোলা এক্সপ্রেস
(D) ৭ নং ডাউন প্যাসেঞ্জার ট্রেন

19. 'দ্য লেডি উইথ দ্য ডগ' গল্পের রচয়িতা হলেন
(A) ল্যাংস্টন হিউজ
(B) আর্নেস্ট হেমিংওয়ে
(C) গি দ্য মোপাঁসা
(D) আন্তন চেকভ

20. সমান উদর যার = সহোদর, এটি যে সমাসের উদাহরণ —
(A) মধ্যপদলোপী বহুব্রীহি
(B) সমানাধিকরণ বহুব্রীহি
(C) সহার্থক বহুব্রীহি
(D) নঞর্থক বহুব্রীহি

Prepp
Your Personal Exams Guide



21. ঠাকুমা মহাভারত পড়েন — রেখাঙ্কিত পদটি

(A) কর্মকর্তৃবাচ্য

(B) ভাববাচ্য

(C) কর্মবাচ্য

(D) কর্তৃবাচ্য

22. 'রোগা শালিকের হৃদয়ের বিবর্ণ ইচ্ছার মতো' — 'শিকার' কবিতায় যার কথা এখানে বলা হয়েছে —

(A) সূর্যের আলোর রং

(B) হৃদয়ের আলোর রং

(C) আকাশের রং

(D) দেশোয়ালিদের জ্বালানো আগুনের রং

23. কাশ্মীরের কবি বিল্হন রচিত সংস্কৃত খণ্ডকাব্যের নাম

(A) রসমঞ্জরী

(B) নাগাষ্টক

(C) মহারাষ্ট্র পুরাণ

(D) চৌর-পঞ্চাশিকা

24. 'ল্' ধ্বনিটি

(A) পার্শ্বিক ধ্বনি

(B) নাসিক্য ধ্বনি

(C) কম্পিত ধ্বনি

(D) উষ্ম ধ্বনি

25. 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পের শুরুতে যে দুটি বারের উল্লেখ আছে, সে দুটি হল

(A) রবি ও শনি

(B) সোম ও মঙ্গল

(C) শনি ও মঙ্গল

(D) বুধ ও শুক্র

26. 'বীরাঙ্গনা কাব্য'-এর অন্তর্গত 'নীলধ্বজের প্রতি জনা'-র পত্রসংখ্যা —

(A) সপ্তম

(B) নবম

(C) ত্রয়োদশ

(D) একাদশ

27. ভাগবতের যে দুটি স্কন্দ অবলম্বনে 'শ্রীকৃষ্ণবিজয়' রচিত, সে দুটি হল

(A) নবম ও দশম

(B) দশম ও একাদশ

(C) একাদশ ও দ্বাদশ

(D) দশম ও দ্বাদশ

28. 'অব মথুরাপুর মাধব গেল।
গোকুল মাণিক কো হরি নেল।।' — যে পর্যায়ের পদ, তার নাম

(A) ভাবসম্মেলন

(B) আক্ষেপানুরাগ

(C) অভিসার

(D) মাথুর

29. লন্ডনে প্রোফেসর শঙ্কু যে কবির বাড়ি দেখতে গিয়েছিলেন —

(A) ইয়েট্স

(B) শেলি

(C) কীট্স

(D) ওয়ার্ডসওয়ার্থ

30. অমৃতা প্রীতম রচিত বিখ্যাত উপন্যাস —

(A) তমস

(B) গোদান

(C) পিঞ্জর

(D) ময়লা আঁচল

Prepp
Your Personal Exams Guide



31. 'শৈলী' শব্দের অর্থ —
(A) সৃষ্টি
(B) রচনারীতি
(C) কৌশল
(D) ভাষা

32. 'কর্তার ভূত' গল্পে ভুতুড়ে জেলখানার দারোগা ছিল
(A) ভূতের রায়ত
(B) ভূতের নায়েব
(C) ভূতের গোমস্তা
(D) জমিদার

33. 'রাজসিংহ' যে শ্রেণির সার্থক উপন্যাস হিসেবে চিহ্নিত, সেটি হল
(A) সামাজিক উপন্যাস
(B) আঞ্চলিক উপন্যাস
(C) ঐতিহাসিক উপন্যাস
(D) চেতনাপ্রবাহরীতির উপন্যাস

34. 'রক্তের অক্ষরে দেখিলাম ________', 'রূপনারাণের কূলে' কবিতায় কবি যা দেখলেন, সেটি হল
(A) আপনার বেদনা
(B) আপনার রূপ
(C) আপনার স্বপ্ন
(D) আপনার জগৎ

35. 'বত্রিশ সিংহাসন' গ্রন্থের রচয়িতা —
(A) উইলিয়ম কেরি
(B) রামরাম বসু
(C) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
(D) রাজীবলোচন মুখোপাধ্যায়

36. 'বাকি ইতিহাস' একটি
(A) নাট্যকাব্য
(B) অ্যাবসার্ড নাটক
(C) গীতিনাট্য
(D) পৌরাণিক নাটক

37. একটি প্রাচীন ভারতীয় লিপির নাম —
(A) ব্রাহ্মী
(B) ফিনিশীয়
(C) কিউনিফর্ম
(D) সিরিলীয়

38. 'চর্যাপদ'-এ বর্ণিত ডোম ও নিষাদের বৃত্তি ছিল
(A) নৌকো চালানো
(B) পালকি বহন করা
(C) পৌরোহিত্য করা
(D) বাণিজ্য করা

39. তুলনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত করেছিলেন
(A) স্যার উইলিয়ম জোনস
(B) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
(C) সুকুমার সেন
(D) গোপাল হালদার

40. 'কার্টেন রেইজার' পরিভাষাটি যে মাধ্যমে ব্যবহৃত হয়, সেটি হল
(A) নাটক
(B) উপন্যাস
(C) ছোটগল্প
(D) কবিতা

Prepp
Your Personal Exams Guide



**41.** সমরেশ বসু রচিত 'দেখি নাই ফিরে' যাঁর জীবন অবলম্বনে রচিত, তাঁর নাম

(A) বিনোদবিহারী মুখোপাধ্যায়

(B) নন্দলাল বসু

(C) অবনীন্দ্রনাথ ঠাকুর

(D) রামকিঙ্কর বেইজ

**42.** 'যেখানে ছিল শহর
সেখানে ছড়িয়ে রইল ______' শূন্যস্থানে বসবে —

(A) ধুলোবালি

(B) ধুলোমাটি

(C) কাঠকয়লা

(D) বালুকণা

**43.** 'হাসিখুশি' গ্রন্থটির রচয়িতা হলেন

(A) কামিনী রায়

(B) কুসুমকুমারী দেবী

(C) সুকুমার রায়

(D) যোগীন্দ্রনাথ সরকার

**44.** কালাজ্বরের প্রতিষেধক আবিষ্কার করেন যে বিজ্ঞানী, তাঁর নাম

(A) চুনীলাল বসু

(B) উপেন্দ্রনাথ ব্রহ্মচারী

(C) নীলরতন সরকার

(D) রাধাগোবিন্দ কর

**45.** নীচের যে স্বরধ্বনিদুটি সংযুক্ত করলে এমন একটি যৌগিক স্বরধ্বনি হয়, যার লিখিত রূপ বাংলাভাষায় আছে সেটি হল

(A) আ + ই

(B) উ + ই

(C) ও + উ

(D) এ + উ

**46.** অভিধানবিজ্ঞানের পথিকৃৎ হলেন

(A) হরিচরণ বন্দ্যোপাধ্যায়

(B) যাস্ক

(C) স্যামুয়েল জনসন

(D) নোয়াম চমস্কি

**47.** বাংলা কয়্যার সংগীতের প্রবর্তক হলেন

(A) শিবদাস বন্দ্যোপাধ্যায়

(B) মোহিনী চৌধুরী

(C) ভি. বালসারা

(D) সলিল চৌধুরী

**48.** 'কোনি' উপন্যাসে কোনির ভাইয়ের নাম —

(A) গোপাল

(B) কান্তি

(C) চণ্ডু

(D) ভাদু

**49.** উনিশ শতকে নাট্যনিয়ন্ত্রণ আইন কার্যকর হয়েছিল

(A) ১৮৭৬ সালে

(B) ১৮৭২ সালে

(C) ১৮৭৪ সালে

(D) ১৮৮০ সালে

**50.** "কা-আ তরুবর পঞ্চবি ডাল" — পদটির কর্তা

(A) সরহপাদ

(B) কাহ্নপাদ

(C) লুইপাদ

(D) ভুসুকুপাদ

[Please Turn Over]

Prepp
Your Personal Exams Guide



51. মৃণাল সেন পরিচালিত একটি ছবি —
(A) নীল আকাশের নীচে
(B) অশনি সংকেত
(C) গঙ্গা
(D) তিতাস একটি নদীর নাম

52. পশ্চিমবঙ্গ থেকে দাবায় প্রথম গ্র্যান্ডমাস্টার হন
(A) দিব্যেন্দু বড়ুয়া
(B) সূর্যশেখর গাঙ্গুলি
(C) সন্দীপন চন্দ
(D) বিশ্বনাথন আনন্দ

53. 'বৈমাত্রেয়' শব্দের প্রকৃতি-প্রত্যয় হল
(A) বিমাতা + ত্রয়
(B) বৈমাত্র + এও
(C) বিমাত্র + এও
(D) বিমাতৃ + ষ্ণেয়

54. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'দয়াময়ী' চরিত্রটি যে গল্পে রয়েছে —
(A) দেবী
(B) আদরিণী
(C) রসময়ীর রসিকতা
(D) বলবান জামাতা

55. 'ভাত' গল্পে উচ্ছবকে বড় বাড়িতে যে নিয়ে এসেছিল —
(A) ভজন চাকর
(B) বাসিনী
(C) তান্ত্রিক
(D) ছোট বউ

56. 'নিরুদ্দেশ' গল্পে শোভনের পূর্বপুরুষেরা ছিলেন
(A) কৃষিজীবী
(B) জমিদার
(C) স্বাধীনতা-সংগ্রামী
(D) নায়েব

57. খেতুরি মহোৎসবে অভিনন্দিত হয়েছিলেন যে বৈষ্ণব কবি —
(A) বিদ্যাপতি
(B) চণ্ডীদাস
(C) গোবিন্দদাস
(D) বলরাম দাস

58. 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল' একটি
(A) গোয়েন্দা গল্প
(B) নাটক
(C) কাব্য
(D) উপন্যাস

59. 'এই <u>বর্শায়</u> বিদ্ধ করিব' — নিম্নরেখ শব্দটি যে কারক —
(A) যন্ত্রাত্মক করণ
(B) উপায়াত্মক করণ
(C) হেতুময় করণ
(D) লক্ষণাত্মক করণ

60. 'মেঘনাদবধ কাব্য' একটি
(A) আলঙ্কারিক মহাকাব্য
(B) জাত মহাকাব্য
(C) গীতিকাব্য
(D) এলিজি